

আল্লাহর ক্ষমার ব্যাপারে হতাশ হতে নেই

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ
বিসমিল্লাহি রহমানির রহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে: **আল্লাহর ক্ষমার ব্যাপারে হতাশ হতে নেই**

আমরা যারা পাপ কাজে লিপ্ত আছি, আল্লাহ আমাদের মনের ভিতরে সংকোচ, অস্বস্তি, দুশ্চিন্তা অনুভব
করিয়ে দেয়।

আল্লাহ তা'য়ালার পবিত্র কোরআনে বলেছেন:

وَلَنذِيقَنَّاهُمْ مِّنَ الْعَذَابِ الْأَدْنَىٰ دُونَ الْعَذَابِ الْأَكْبَرِ لَعَلَّهُمْ يَرْجِعُونَ

সেই বড় শাস্তির পূর্বে আমি এই দুনিয়াতেই ছোট শাস্তির স্বাদ তাদেরকে দিতে থাকবে হয়তো তারা ফিরে
আসবে। (সূরা আস সাজদা ৩২:২১)

**ظَهَرَ الْفَسَادُ فِي الْبَرِّ وَالْبَحْرِ بِمَا كَسَبَتْ أَيْدِي النَّاسِ لِيُذِيقَهُمْ بَعْضَ
الَّذِي عَمِلُوا لَعَلَّهُمْ يَرْجِعُونَ**

জমিন ও সাগর জুড়ে বিপর্যয় দেখা দিয়েছে যা মানুষ তার কৃতকর্মের মাধ্যমে অর্জন করেছে যেন তারা
তাদের কাজের পরিণতি কিছুটা বুঝতে পারে, যার ফলে হয়তো তারা ফিরে আসবে। (সূরা রুম ৩০:৪১)

যে তওবা করে তার পুরস্কার হচ্ছে জান্নাত। এটাই কি যথেষ্ট নয়। কিন্তু শুধু তাই নয় সে
আখিরাতের আগে এই দুনিয়ায় জীবনেও সুখে শান্তিতে থাকবে।

**مَنْ عَمِلَ صَالِحًا مِّن ذَكَرٍ أَوْ أُنْثَىٰ وَهُوَ مُؤْمِنٌ فَلَنُحْيِيَنَّاهُ حَيَاةً طَيِّبَةً
وَلَنَجْزِيَنَّهُمْ أَجْرَهُمْ بِأَحْسَنِ مَا كَانُوا يَعْمَلُونَ**

মুমিনদের মধ্যে থেকে পুরুষ ও মহিলা যে-ই ভালো কাজ করবে তাকে আমি দুনিয়ায় পবিত্র, কল্যাণময়
জীবন দান করব। (সূরা আন নাহল ১৬:৯৭)

وَأَنْ أَسْتَغْفِرُوا رَبَّكُمْ ثُمَّ تُوبُوا إِلَيْهِ يُمَتِّعْكُمْ مَتَّعًا حَسَنًا إِلَىٰ أَجَلٍ مُّسَمًّى
وَيُؤْتِ كُلَّ ذِي فَضْلٍ فَضْلَهُ وَإِنْ تَوَلَّوْا فَإِنِّي أَخَافُ عَلَيْكُمْ عَذَابَ يَوْمٍ كَبِيرٍ

তোমার রবের কাছে ক্ষমা চাও, তারপর তার কাছে ফিরে যাও। তারপর তার কাছে ফিরে যাও!
তাহলে তিনি নিদৃষ্ট সময় ধরে তোমাদের উত্তম জীবন সামগ্রী দিবেন। (সূরা হুদ ১১:৩)

আচ্ছা ঠিক আছে মানলাম যে আমি আল্লাহর কাছ থেকে এই পুরস্কার চাই। আমি তওবা করে
ফিরে আসতে চাই। কিন্তু একটা সমস্যা আছে আমি তো অনেক অনেক গুনাহ করেছি, আমি
অনেক অনেক খারাপ কাজ করেছি।

وَمَنْ يَعْمَلْ سُوءًا أَوْ يَظْلِمْ نَفْسَهُ ثُمَّ يَسْتَغْفِرِ اللَّهُ يَجِدِ اللَّهُ
غَفُورًا رَّحِيمًا

যেই খারাপ কাজ করেছে অথবা নিজের নাফেসর প্রতি জুলুম করেছে, তারপর আল্লাহ তা'য়ালার কাছে ক্ষমা
চেয়েছে। সে দেখবে আল্লাহ অত্যাধিক ক্ষমাশীল, অতিরিক্ত দয়াময়। (৪:১১০)

আমি এখনও এক ওয়াক্ত নামাজ পড়ি নি। আমি এখনও অপবিত্র অবস্থায় আছি। আমার কাছে
গাজা পর্যন্ত আছে। আমি জিনাহ পর্যন্ত করেছি।

وَهُوَ الَّذِي يَقْبَلُ التَّوْبَةَ عَنْ عِبَادِهِ وَيَعْفُو عَنِ السَّيِّئَاتِ وَيَعْلَمُ
مَا تَفْعَلُونَ

তিনিই তো তার দাসদের তওবা কবুল করেন এবং সকল পাপ কাজ মুছে দেন। তিনি সকল পাপ কাজ মুছে
দেন এবং তোমরা কি করছো তিনি তা জানেন। (সূরা আসু শুর ৪২:২৫)

وَأَنْ أَسْتَغْفِرُوا رَبَّكُمْ ثُمَّ تُوبُوا إِلَيْهِ يُمَتِّعْكُمْ مَتَاعًا حَسَنًا إِلَىٰ أَجَلٍ
 مُّسَمًّى وَيُؤْتِ كُلَّ ذِي فَضْلٍ فَضْلَهُ وَإِنْ تَوَلَّوْا فَإِنِّي أَخَافُ
 عَلَيْكُمْ عَذَابَ يَوْمٍ كَبِيرٍ

আর (এ উদ্দেশ্যে) যে, তোমরা নিজেদের রবের নিকট ক্ষমা প্রার্থনা কর, অতঃপর তাঁর প্রতি নিবিষ্ট থাক।
 তিনি তোমাদেরকে সুখ-সম্ভোগ দান করবেন নির্দিষ্টকাল পর্যন্ত এবং প্রত্যেক অধিক ‘আমলকারীকে অধিক
 সাওয়াব দিবেন; আর যদি তোমরা মুখ ফিরাতেই থাক তাহলে আমি ভীষণ দিনের শাস্তির আশংকা করি।

আমিন

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

Click here <http://www.morningbrightness.fi/>